


ত্রিপুরা সরকার
সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর
আগরতলা : ত্রিপুরা

বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভারত সরকারের মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক কর্তৃক অন্যান্য বছরের মতো আগামী ২০২৩ সালেও জাতীয়স্তরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মূল অনুষ্ঠানে ব্যক্তিগত ক্যাটাগরীতে নারীশক্তি পুরস্কার প্রদান করা হবে। নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে মহিলাদের অর্থনৈতিক ও সামাজিক ক্ষমতায়নের জন্য কাজ করে নজীর স্থাপন করেছেন এমন ব্যক্তির কাছ থেকে উক্ত পুরস্কারের জন্য আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। www.awards.gov.in পোর্টালে শুধুমাত্র অনলাইন মোডের মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে। আবেদন পত্র জমা দেবার শেষ তারিখ ৩১ শে অক্টোবর, ২০২২। নারীশক্তি পুরস্কার, ২০২২ এর নির্দেশিকা মহিলা ও শিশু মন্ত্রকের ওয়েবসাইট www.wcd.nic.in এ দেওয়া আছে।

আবেদনপত্র দাখিলের পূর্বশর্তাবলী :-

- ১। পুরস্কার সকল ব্যক্তির জন্য উন্মুক্ত।
- ২। আবেদনের জন্য আবেদনকারীর বয়স ন্যূনতম ২৫ বৎসর হতে হবে। (০১/০৭/২০২২ তারিখে বয়স ২৫ বছর হতে হবে)
- ৩। এই পুরস্কারে পূর্বে পুরস্কৃত হয়েছেন -এমন আবেদনকারীর আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- ৪। নারীশক্তি পুরস্কার কেবলমাত্র সেসব ব্যক্তিকে প্রদান করা হবে যিনি মহিলাদের অর্থনৈতিক সামাজিক ক্ষমতায়নে কাজ করে নজীর স্থাপন করেছেন।
- ৫। নারীশক্তি পুরস্কার কেবলমাত্র সেসব ব্যক্তিকে প্রদান করা হবে যিনি নারীদের উৎসাহিত করেছেন সিদ্ধান্ত গ্রহণে, উল্লেখযোগ্য ভূমিকা নেওয়ার জন্য। এছাড়া প্রথাগত এবং অপচলিত সেক্টরে মহিলাদের দক্ষতা বৃদ্ধিতে উৎসাহিত করা, গ্রামীণ মহিলাদের জন্য মৌলিক সুযোগ সুবিধা প্রদান, বিজ্ঞান ও প্রযুক্তি, খেলাধুলা, শিল্প, সংস্কৃতি, নিরাপত্তা, স্বাস্থ্য ও সুস্থতা, শিক্ষা, দক্ষতা বৃদ্ধি, জীবন শৈলি, নারীর সম্মান ও মর্যাদা প্রভৃতি ক্ষেত্রে উল্লেখযোগ্য ভাবে মহিলাদের উন্নীত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।
- ৬। একটি পুরস্কার প্রদান করা হবে সেই রাজ্যকে যেখানে উল্লেখনীয়ভাবে লিঙ্গ বৈষম্য হ্রাস পাচ্ছে।
- ৭। মরণোত্তরকারীর পক্ষে এই পুরস্কারের জন্য আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।


অধিকর্তা

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর
ত্রিপুরা।